

জেএসসি পরীক্ষার প্রথম দিনে জামালপুরের বকশীগঞ্জ উপজেলায় কক্ষ পরিদর্শকের দায়িত্বে থাকা তিন ভূয়া শিক্ষককে এক মাস করে বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। একই সঙ্গে দায়িত্বে অবহেলার দায়ে ওই কেন্দ্রের সচিবকে এক লাখ টাকা জরিমানা করা হয়েছে।

উপজেলার বাটাজোর ইউনিয়নের হাসিনা গাজী বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে কয়েকজন ভূয়া শিক্ষক কক্ষ পরিদর্শকের দায়িত্ব পালন করছিলেন। অভিযোগের ভিত্তিতে নির্বাহী হাকিম ও বকশীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা দেওয়ান মোহাম্মদ তাজুল ইসলাম ওই কেন্দ্রে অভিযান চালান। এ সময় তিনজন ভূয়া শিক্ষককে আটক করা হয়। তাঁরা হলেন কামালপুর ইউনিয়নের টাঙ্গারীপাড়া গ্রামের মাহবুবুর রহমান, বাটাজোর ইউনিয়নের পলাশতলা গ্রামের আলমগীর হোসেন ও মেরুরচর ইউনিয়নের হিটলার মিয়া। ভূয়া শিক্ষককে পরীক্ষায় দায়িত্ব পালনের সুযোগ দেওয়ায় কেন্দ্রের সচিব স্থানীয় চন্দ্রাবাজ রশিদা বেগম স্কুল ও কলেজের অধ্যক্ষ রফিকুল ইসলামকেও আটক করা হয়। পরে ইউএনও তিন ভূয়া শিক্ষককে এক মাস করে বিনাশ্রম কারাদণ্ড দেন। আর কেন্দ্রসচিবকে এক লাখ টাকা জরিমানা, অনাদায়ে ২২ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেন।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,  
 নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,  
 ইন্সট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।  
 বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com